



মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশা প্লাজা  
(৭ম তলা)  
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।



...

সভাপতি	অজয় কুমার খাঁ নির্বাহী পরিচালক
সভার তারিখ	২৯ আগস্ট, ২০২১
সভার সময়	বিকাল ৪.০০ টা
স্থান	এমআরএ এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভা উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-"ক"

বিষয়ঃ ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটালাইজকৃত সেবা সংক্রান্ত সভা।

সভার আলোচ্য বিষয়সমূহ:

১। বিগত বছরের পুরস্কারপ্রাপ্ত উদ্ভাবনী ধারণাসংক্রান্ত;


৩। বিবিধ।

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদেরকে শুভেচ্ছা জানান। অতপর ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটালাইজকৃত সেবার বিষয়ে ধারাবাহিকভাবে আলোচনা করার জন্য উপপরিচালক জিনাত আমান বন্যাকে অনুমতি প্রদান করেন। অতপর সভায় ধারাবাহিকভাবে নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রঃ	উদ্ভাবনী ধারণা ও উদ্ভাবকের নাম	আলোচনা	সিদ্ধান্ত
১.	<b>Microfinance Information Apps: Virtually Attach Each Other</b> জনাব পঙ্কজ কুমার পাল সিনিয়র সহকারী পরিচালক	ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সকল তথ্য একনজরে পাওয়া যাবে। এছাড়া আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, এমআরএ এবং এমএফআই এর সকল ডাটাসহ একটি এপস তৈরি করা হবে যা এমআরএ ডিরেকটরি এপস নামে প্রস্তুত করার জন্য একটি আইটি ফর্মের সাথে আলোচনা হয়েছে মর্মে জানানো হয়।	এমআরএ ডিরেকটরি এপসটি বাস্তবায়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত হয়।
২.	<b>Multipoint Mobile Charging System</b> জনাব রবিউল ইসলাম সিনিয়র সহকারী পরিচালক	অথরিটির সেবা গ্রহীতাদের জন্য Multipoint Mobile Charging System চালু রয়েছে এবং এই উদ্ভাবন থেকে সবাই উপকৃত হচ্ছে। তবে কিছু ক্যাবল নষ্ট হয়েছে মর্মে জানানো হয়। এছাড়া অথরিটির কিছু কর্মচারী রিসিপশনে মোবাইল চার্জ দিয়ে আড্ডা দেয় মর্মে জানানো হয়।	Multipoint Mobile Charging System চালু রাখার জন্য প্রয়োজনীয় ক্যাবল ক্রয় এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য উপপরিচালক প্রশাসনকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
৩.	<b>MFI Inspection Data Management System</b> জনাব মামুন রাড়ী অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর	এই উদ্ভাবনটি থেকে পরিদর্শনে যাওয়া পূর্বে পরিদর্শন সংক্রান্ত সকল তথ্য পাওয়া যায় তবে বর্তমানে শতভাগ কাজ করা হচ্ছে না মর্মে জানানো হয়।	হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনসাইট শাখা ১, ২ ও ৩ উপপরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

৪.	<b>Library Management System</b> জনাব মোঃ আনোয়ার হোসেন অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর	<b>Library Management System</b> টি নিজ উগ্যোগে একটি সফটওয়্যার করা হলেও এটি একটি ওয়েব হোস্টিংএ রাখতে হয়। এতদিন জনাব মোঃ আনোয়ার হোসেন ব্যক্তিগত উদ্যোগে ওয়েব হোস্টিংএ রাখলে। বর্তমানে আর রাখা হচ্ছে না।	<b>Library Management System</b> সফটওয়্যারটি বর্তমানের চাহিদা ও প্রেক্ষাপটে সমন্বয়যোগী করে প্রস্তুত করার জন্য আইটি শাখা কাজ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
৫.	<b>Database for Inspection</b> জনাব পলাশ চন্দ্র দাস অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর	এই উদ্ভাবনটির কার্যক্রম চালু রয়েছে এবং এর মাধ্যমে এক্সেলসিটে অথরিটির শুরু থেকে অদ্যাবধি পরিদর্শনের তারিখ, পরিদর্শনের সংখ্যা, পরিদর্শনকারী, ফলোআপ ইত্যাদি তথ্য একনজরে পাওয়া যায়। এটি এক্সেলসিটে দীর্ঘ দিন হওয়ায় সমস্যা হতে পারে। এজন্য একটি সফটওয়্যার তৈরি করার বিষয়ে আলোচনা হয়।	<b>Database for Inspection</b> কার্যকর রয়েছে এবং এটিকে অব্যাহত রাখার জন্য ক্রমিক ৩ এবং ক্রমিক ৫ এর উদ্ভাবন দুটি প্রায় একই রকমের হওয়ায় দুটি উদ্ভাবনকে মিলিয়ে আধুনিক টেকনোলজির ব্যবহার করে একটি সফটওয়্যার প্রস্তুত করার জন্য আইটি শাখাকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটলাইজকৃত সেবাসমূহ চালু রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করা হয়।



অজয় কুমার খাঁ  
নির্বাহী পরিচালক

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০০৭.৩১.০০১.২১.৫৯


তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সকল সদস্য ইনোভেশন কমিটি
- ২) সিস্টেম এনালিস্ট, সিআইবি এন্ড আইসিটি বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (কার্যবিবরণীটি ওয়েবসাইট ও জাতীয় তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)।
- ৩) উপপরিচালক, অনসাইট সুপারভিশন-১ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৪) উপপরিচালক, অনসাইট সুপারভিশন-২ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৫) উপপরিচালক, অনসাইট সুপারভিশন-৩ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৬) উপপরিচালক, কমন সার্ভিস শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি



জিনাত আমান বন্যা  
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)